

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
আঞ্চলিক লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা  
প্রশিক্ষণ শাখা

স্মারক নম্বর: ০৫.০১.০০০০.০৬১.১৬.০০৩.০৮.২৭৪

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৮

১০ জুন ২০২১

বিষয়: জুলাই-ডিসেম্বর/২০২১ মেয়াদে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কোর্সের বিবরণী অনুযায়ী প্রশিক্ষণার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ে আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকায় ২০২১-২২ অর্থ বৎসরের (জুলাই-ডিসেম্বর) প্রথম ০৬ মাসে অনুষ্ঠিতব্য বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে তাঁর মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর থেকে প্রতি কোর্সে ০১ (এক) জন প্রশিক্ষণার্থীকে মনোনয়ন প্রদানের জন্য এতদসঙ্গে একটি কোর্স বিবরণী প্রেরণ করা হলো (শুধুমাত্র ঢাকা ও ময়মনসিংহ বিভাগের অন্তর্ভুক্ত দপ্তরসমূহের জন্য)। মহোদয়ের সানুগ্রহ বিবেচনার জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন দেয়ার নিয়মাবলী নিচে বর্ণনা করা হলঃ

নিয়মাবলীঃ

- ১। কোর্স শুরুর ১৫দিন পূর্বে মনোনীত প্রশিক্ষণার্থীকে আবশ্যিকভাবে Online Registration করতে হবে। Online Registration এর জন্য ওয়েব লিংকঃ [http://erp.bpatc.org.bd/bpatc\\_registration/rpatc\\_add\\_new.php](http://erp.bpatc.org.bd/bpatc_registration/rpatc_add_new.php) অথবা <http://www.bpatc.org.bd> ওয়েব সাইটে গিয়ে RPATC ONLINE REGISTRATION ট্যাব এর নীচের Online Registration এ ক্লিক করলে Online Registration এর জন্য পেইজ পাওয়া যাবে। সেখানে গিয়ে Online রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। Online Registration এর সময় প্রদত্ত আইডি এবং পাসওয়ার্ড অবশ্যই প্রশিক্ষণার্থীকে সংরক্ষণ/মনে রাখতে হবে।
- ২। মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ আরম্ভ হওয়ার দিন মনোনয়নের কপি, অবমুক্তির আদেশ এবং পাসপোর্ট সাইজের এক কপি ছবিসহ সকাল ৯.০০ টার পূর্বে কেন্দ্রে (৪৯ নিউ ইস্কাটন, ঢাকা) রিপোর্ট করতে হবে। দৈনিক প্রশিক্ষণকাল হবে সকাল ৯.০০ টা থেকে বিকেল ৫.০০ টা পর্যন্ত।
- ৩। প্রশিক্ষণকালীন কোন প্রকার ঐচ্ছিক/নৈমিত্তিক বা খন্ডকালীন ছুটি দেয়া হবে না বিধায় মনোনয়ন দেয়ার ক্ষেত্রে বিষয়টি বিবেচনায় নিয়ে প্রশিক্ষণার্থী মনোনয়ন দিতে হবে।
- ৪। মনোনয়ন পত্রে মনোনয়নপ্রাপ্ত প্রশিক্ষণার্থীর মোবাইল নম্বরসহ, ফ্যাক্স ও ই-মেইল ঠিকানা অবশ্যই উল্লেখ করতে হবে।
- ৫। একই দপ্তর হতে একই কোর্সে একই সঙ্গে একাধিক প্রশিক্ষণার্থীকে মনোনয়ন দেয়া যাবে না।
- ৬। পূর্বে কোন কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীকে একই কোর্সে পুনরায় মনোনয়ন দেয়া যাবে না।
- ৭। কোর্সের জন্য কোন প্রশিক্ষণ ফি প্রদান করতে হবে না।
- ৮। প্রশিক্ষণের কার্যকারিতা ও প্রায়োগিক দিকের প্রতি খেয়াল রেখে অপেক্ষাকৃত নবীন কর্মচারীকে মনোনয়নে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
- ৯। এ কেন্দ্রের ডরমিটরিতে থাকার ব্যবস্থা সীমিত বিধায় সকলকে আবাসিক সুবিধা দেয়া সম্ভব হবে না।
- ১০। সরকার প্রবর্তিত হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

সংযুক্তি: কোর্স বিবরণী (১ পাতা)



১০-৬-২০২১

শাকির আহম্মদ

উপপরিচালক (উপসচিব)

বিতরণ :

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) রেক্টর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী  
পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান  
প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা
- ৩) বিভাগীয় কমিশনার (সকল)

স্মারক নম্বর: ০৫.০১.০০০০.০৬১.১৬.০০৩.০৮.২৭৪/১(২)

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৮

১০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) এমডিএস (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা ও উন্নয়ন বিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র  
(বিপিএটিসি)
- ২) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), এসটি এ্যান্ড আরসি অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র  
(বিপিএটিসি)



১০-৬-২০২১

শাকির আহম্মদ

উপপরিচালক (উপসচিব)